

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর


তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, গ্রাউন্ড ওয়াটার সার্কেল  
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, কাকরাইল, ঢাকা-১০০০।

### অফিস আদেশ

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের গবেষণা ও উন্নয়ন বিভাগ কর্তৃক পানির স্থিতিতল ও গুণগতমান পর্যবেক্ষণ এবং অন্যান্য গবেষণা সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনার জন্য Aqua Watch নামক একটি Web application (<https://aquawatch.dphc.online>) প্রস্তুত করা হয়েছে। প্রত্যেক উপজেলার সহকারী/উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয় হতে উল্লিখিত Web application এর লিংকে প্রবেশ করে পত্রের সাথে সংযুক্ত ম্যানুয়াল অনুযায়ী লগইন পূর্বক সংশ্লিষ্ট উপজেলার ২০২৫ সালের শুষ্ক মৌসুমে ভূগর্ভস্থ পানির সর্বনিম্ন স্থিতিতল (Water Level) ও পানির গুণগতমানের (Water Quality) ইউনিয়ন ভিত্তিক সংগৃহীত তথ্য (১. Deep ২. Moderately Deep এবং ৩. Shallow এই ৩ ধরণ হতে অন্ত:ত ২ ধরণের নলকূপের) এবং একইসাথে যেসকল উপজেলা হতে পূর্বের বছরসমূহের তথ্যাদি (২০১৮-২০২৪) প্রদান করা হয়নি সে সকল তথ্যাদি আবশ্যিকভাবে আগামী ৩১ মে, ২০২৫ এর মধ্যে এন্ট্রি করার জন্য (রিপোর্ট upload সহ) নির্দেশ প্রদান করা হলো। উপজেলা থেকে Water Level ও Water Quality এর তথ্য প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী তাঁর লগইন আইডি ব্যবহার করে অনুমোদন করবেন অথবা প্রাপ্ত তথ্যে অসামঞ্জস্য পরিলক্ষিত হলে তথ্য প্রদানকারীর নিকট ফেরত পাঠাবেন।

ওয়েব অ্যাপলিকেশন (Aqua Watch) এর মাধ্যমে ডাটা প্রদান সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য এর প্রস্তুতকারী প্রতিষ্ঠানের হেল্পলাইনে (01550079095) এবং পানির স্থিতিতল ও গুণগতমান সংক্রান্ত কারিগরী সমস্যার সমাধান ও সহায়তার জন্য নির্বাহী প্রকৌশলী, গবেষণা ও উন্নয়ন বিভাগ বরাবর (+8802226665504) যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ব্যবহার নির্দেশিকা (User Manual)।

  
(বিধান চক্র দে)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

স্মারক নং- ৪৬.০৩.২৬০০.০৪৩.৩৫.০০২.১৮- ৭৮১

তাং-০৭/০৪/২০২৫খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের (প্রয়োজ্য ক্ষেত্রে) জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা/পূর্ত/পানিসম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ----- সার্কেল।
- ৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ----- জেলা।
- ৫। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গবেষণা ও উন্নয়ন বিভাগ, ঢাকা।
- ৬। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ----- উপজেলা, ----- জেলা।
- ৭। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ----- উপজেলা, ----- জেলা।
- ৮। অফিস কপি, অত্র দপ্তর।